



AD/CATM

স্বাধীনতা সঙ্গী
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
www.caab.gov.bd




নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৩.২১(৯ম নথি)- ৩৫৫৩

তারিখ: ১৭/১০/২০২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে বিভিন্ন পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। সরকারি বিধি বিধান অনুসরণ করে সম্পূর্ণ স্বচ্ছতা এবং নিরপেক্ষতার সাথে উক্ত নিয়োগ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পদস্থ কর্মকর্তাদের নাম উল্লেখ করে ভুয়া নিয়োগ পত্র ইস্যু করা হচ্ছে (কপি সংযুক্ত); যা অনভিপ্রেত এবং দুঃখজনক। নিয়োগ সংক্রান্ত কার্যক্রমে সকলকে সচেতন ও সতর্ক থাকার জন্য অনুরোধ করা হচ্ছে। এতদবিষয়ে সংশ্লিষ্ট প্রার্থীদের কোনো প্রতারণার প্রলোভনে প্রলুদ্ধ না হয়ে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। এ ধরনের প্রতারণার বিষয়ে সুনির্দিষ্ট কোন তথ্য পাওয়া গেলে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

AAIRD
R
১/১০/২১


(মোঃ জাহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
ফোন - ৮৯০১৪১২
Email - dadmin@caab.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। সদস্য (সকল)-----, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। পরিচালক (সিএনএস), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। নোটিশ বোর্ড।
- ৭। অফিস কপি।



নিয়োগাদেশ

নিয়োগ/পদোন্নতি/সিলেকশন থ্রেড/টাইমস্কেল প্রদান সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ এবং ৫৬তম সাধারণ বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব আব্দুল আহাদ, পিতা : তোজাম্মেল হক, মাতা : আজার জাহান, স্থায়ী ঠিকানা : গ্রাম- কৈগাড়ী, পোস্ট- বগড়া, উপজেলা- বগড়া সদর, জেলা- বগড়া-কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উপ-সহকারী প্রকৌশলী পদে সম্পূর্ণ স্থায়ী ভাবে ১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) স্কেলে নিম্নোক্ত শর্তাবলীতে নিয়োগ করা হলো :

শর্তাবলী :

- (ক) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা- ২০০৪ এর ৭(১) (ক) প্রবিধি মোতাবেক ০১ (এক) বছরের জন্য অথবা তদুর্ধ্ব (এক বছরের অধিক নয়) সময় পর্যন্ত তার চাকুরীকাল শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে;
- (খ) শিক্ষানবিস নেয়াদ, বর্ধিত নেয়াদ থাকলে তৎসহ, সম্পন্ন হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট শিক্ষানবিসকালের আচরণ ও কর্ম সাভোভজনক বিবেচিত হয়ে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা- ২০০৪ এর ৭(৩) প্রবিধি মোতাবেক তাকে চাকুরীতে স্থায়ী করা হবে;
- (গ) শিক্ষানবিসকালে অদক্ষতা, অসদাচরণ বা কর্তৃপক্ষের কিংবা রাষ্ট্রের স্বার্থ বিরোধী/ভাবনূর্তি ফুল হতে পারে এমন কোন কর্মকর্তার সাথে জড়িত থাকলে বেগনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তাকে চাকুরীচ্যুত করতে পারবে;
- (ঘ) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৪ এবং সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা চাকুরী নিয়ন্ত্রিত হবে;
- (ঙ) কর্তৃপক্ষের অধীন যে কোন দপ্তর বা বন্দরে কাজ করতে তিনি বাধ্য থাকবেন;
- (চ) চাকুরীতে যোগদানকালে শারীরিক যোগ্যতার/উপযুক্ততার বিষয়ে নিকটস্থ সরকারী নোডিকেল কলেজ থেকে স্বাস্থ্য সনদ, ১ম শ্রেণীর গেজেটেড সরকারী কর্মকর্তা কর্তৃক সকাল কাগজপত্র সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে;
- (ছ) আপনার স্থায়ী ঠিকানা ভবিষ্যতে কোন ভুল তথ্য দেয়া হয়েছে মর্মে প্রমাণিত হলে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে ও আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে;
- (জ) ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার একটি নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প এ মর্মে মুচলেকা দিতে হবে যে তিনি বা তার পরিবারের কেহ যৌতুক নিয়ে বিয়ে করবেন না;
- (ঝ) বাংলাদেশের নাগরিক নহের এমন কোন ব্যক্তিকে বিবাহ করলে অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঞ) উপরোক্ত শর্তাদি তার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ১০-১০-২০২১ ইং তারিখে নিয়োগাদেশে বর্ধিত কাগজপত্রাদিসহ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের হেড অফিসে যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;
- (ট) চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল।

প্রাপক :

জনাব আব্দুল আহাদ
পিতা : তোজাম্মেল হক
গ্রাম- কৈগাড়ী
পোস্ট- বগড়া
উপজেলা- বগড়া সদর
জেলা- বগড়া।

(মেসার্স জাহাঙ্গীর ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ